চিকিৎসার জন্য লন্ডনে পৌঁছালেন খালেদা জিয়া

written by Chandradip News24 | January 8, 2025

উন্নত চিকিৎসার জন্য লন্ডনে পৌঁছেছেন বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়া। বুধবার (৮ জানুয়ারি) বাংলাদেশ সময় দুপুর ২টা ৫৫ মিনিটে তাকে বহনকারী এয়ার অ্যাম্বুলেন্সটি লন্ডনের হিথ্রো বিমানবন্দরে অবতরণ করে।

বিমানবন্দরে তার শারীরিক অবস্থা পর্যবেক্ষণ করা হয়। এরপর তাকে লন্ডন ক্লিনিকে ভর্তি করার প্রক্রিয়া চলমান রয়েছে। জরুরি প্রয়োজনে প্রস্তুত রাখা হয়েছে অ্যাম্বুলেন্স।

এর আগে, মঙ্গলবার (৭ জানুয়ারি) রাত ১১টা ৪৫ মিনিটে ঢাকার হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে এয়ার অ্যাম্বুলেন্সে লন্ডনের উদ্দেশ্যে রওনা দেন তিনি। দীর্ঘ আট ঘণ্টার ভ্রমণে কাতারের দোহায় যাত্রাবিরতির সময় কাতারে বাংলাদেশের রাষ্ট্রদূত নজরুল ইসলাম তার শারীরিক অবস্থার খোঁজ নেন।

খালেদা জিয়ার লন্ডন যাত্রা উপলক্ষে বিকেল থেকেই বিএনপির নেতাকর্মীরা গুলশানের বাসভবনে জড়ো হতে থাকেন। সন্ধ্যার পর সেখানে উপস্থিত হন দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরসহ

দলের শীর্ষ নেতারা।

চেয়ারপারসনকে বিদায়ী শুভেচ্ছা জানাতে গুলশান থেকে বিমানবন্দর পর্যন্ত রাস্তার দুই পাশে বিএনপি নেতাকর্মী ও সমর্থকরা ভিড় জমান। দলের কর্মী-সমর্থকরা তার সুস্থতার জন্য প্রার্থনা করেন।

মো: তুহিন হোসেন,
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম